

(একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত)
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
চুনাবুঘাট, হবিগঞ্জ।
www.chunarughat.habiganj.gov.bd

স্মারক নং-০৫.৪৬.৩৬২৬.০০৬.০৬.০৬৭.২১-৬৭৩

তারিখঃ ০৯/০৫/২০২৩খ্রি.

বিজ্ঞপ্তি

মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রণালয়ের স্মারক নম্বর মুবিম/পিডি/অ.বী.মু.আ.নি.প্র/ম-০১/২য় তালিকা/১১২/৩৪৯, তারিখ-০১/১২/২০২১খ্রি.পত্রের সাথে সংযুক্ত নির্দেশনা মোতাবেক “অসচ্ছল বীর মুক্তিযোদ্ধাদের জন্য বীর নিবাস নির্মাণ” শীর্ষক প্রকল্পের আওতায় বাস্তবায়নের নিমিত্ত অত্র উপজেলার অসচ্ছল বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধা পরিবারের নিকট হতে আবাসন প্রাপ্তি/নির্মাণের জন্য আবেদন আহ্বান করা যাচ্ছে। আবেদনপত্র সরাসরি গ্রহণের শেষ তারিখ ও সময় ১৫ মে ২০২৩খ্রি. বিকাল ৫.০০ ঘটিকা। উক্ত তারিখ ও সময়ের পর কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না।

- (১) অসচ্ছল বীর মুক্তিযোদ্ধা বীর মুক্তিযোদ্ধা/ওয়ারিশগণ যারা আবাসন প্রাপ্তির জন্য আবেদন করবেন সেই বীর মুক্তিযোদ্ধার অনুকূলে অবশ্যই মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক সমন্বিত তালিকায় (ওয়েবসাইটে প্রকাশিত) নাম অন্তর্ভুক্ত থাকতে হবে। প্রাপ্ত আবেদন সমূহ উপজেলা পর্যায়ে নির্বাচন বিষয়ক কমিটি কর্তৃক চুনাবুঘাট উপজেলা পরিষদ অডিটোরিয়ামে যাচাই করা হবে। যাচাই এ প্রাপ্ত ফলাফল পরবর্তীতে জানানো হবে।
- (২) মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের নির্ধারিত ফরমে আবেদনপত্র স্বাক্ষরসহ দাখিল করতে হবে।
- (৩) আবেদনকারীকে আবেদনপত্রের সাথে বীর মুক্তিযোদ্ধা/স্ত্রী/সন্তানগণের ওয়ারিশ হিসেবে ছবি, সকল প্রমাণসমূহ (সমন্বিত তালিকার নম্বরসহ) জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি, বীর মুক্তিযোদ্ধা ওয়ারিশ সনদপত্র দাখিল করতে হবে।
- (৪) উপযুক্ত ও নিষ্কটক জমি সংক্রান্ত প্রমাণক (নামজারি খতিয়ান, ধারাবাহিক মূল দলিল), কমপক্ষে ১১৩১ বর্গফুট ভূমি (দৈর্ঘ্য ৩৯ ফুট, প্রস্থ ২৯ ফুট) ও আনুষঙ্গিক কাগজপত্র দাখিল করতে হবে এবং একাধিক স্ত্রী সন্তানের ক্ষেত্রে ৩০০ টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্প ক্ষমতা অর্পণপত্র দাখিল করতে হবে।
- (৫) যে সকল অসচ্ছল বীর মুক্তিযোদ্ধা, শহীদ/প্রয়াত মুক্তিযোদ্ধার বিধবা স্ত্রী ও সন্তান ইতোপূর্বে মন্ত্রণালয় বা কোন সরকারি দপ্তর/সংস্থা হতে প্লট/ফ্ল্যাট/আবাসন বরাদ্দ পাননি বা আবাসনের জন্য কোনো ঋণ পাননি, তারাই আলোচ্য প্রকল্পের আওতায় আবাসন বরাদ্দ প্রাপ্তির জন্য যোগ্য হবেন এবং আবেদন করতে পারবেন।
- (৬) মিথ্যা তথ্য দিয়ে বীর নিবাসের জন্য আবেদন দাখিল করা হলে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
- (৭) অসম্পূর্ণ ত্রুটিপূর্ণ আবেদন সরাসরি বাতিল বলে গণ্য হবে।
- (৮) ইতোপূর্বে বাছাইপূর্বক প্রেরিত তালিকায় যাদের নাম আছে তাদের পুনরায় আবেদন দাখিল করার প্রয়োজন নেই। এ বিজ্ঞপ্তি সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জারি করা হলো।
- (৯) বিশেষভাবে উল্লেখ্য যে, “অসচ্ছল মুক্তিযোদ্ধাদের জন্য আবাসন বরাদ্দ” সংক্রান্ত নীতিমালা ১.২.১ হতে ১.২.৫ ধারাসমূহ বীর মুক্তিযোদ্ধা/পরিবার/ওয়ারিশগণ আবাসন বরাদ্দের ক্ষেত্রে অগ্রাধিকার প্রাপ্য হবেন।
- (১০) আবেদনপত্র উপজেলা সমাজসেবা কার্যালয়, চুনাবুঘাট এ জমা প্রদান করতে হবে।


(সিদ্ধার্থ ভৌমিক)

উপজেলা নির্বাহী অফিসার

ও
সভাপতি

অসচ্ছল বীর মুক্তিযোদ্ধাদের আবাসন বরাদ্দের জন্য
উপকারভোগী নির্বাচন বিষয়ক কমিটি
চুনাবুঘাট, হবিগঞ্জ।

তারিখঃ ০৯/০৫/২০২৩খ্রি.

স্মারক নং-০৫.৪৬.৩৬২৬.০০৬.০৬.০৬৭.২১-৬৭৩

অনুলিপি:- সদয় জ্ঞাতার্থে-

- ০১। প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব), অসচ্ছল মুক্তিযোদ্ধাদের জন্য আবাসন নির্মাণ প্রকল্প, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
- ০২। জেলা প্রশাসক হবিগঞ্জ।
- ০৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চুনাবুঘাট, হবিগঞ্জ।

অনুলিপি:- সদয় কার্যার্থে- (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ০১। উপজেলা সমাজসেবা অফিসার, চুনাবুঘাট, হবিগঞ্জ। (প্রাপ্ত আবেদনপত্রসমূহ ইউনিয়ন ওয়ারী পৃথক পৃথক সংরক্ষণের অনুরোধসহ)।
- ০২। সহকারী প্রোগ্রামার, চুনাবুঘাট, হবিগঞ্জ। (জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসারের ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো)।
- ০৩। চেয়ারম্যান,.....ইউপি (সকল), চুনাবুঘাট, হবিগঞ্জ।
- ০৪। অফিস কপি/নোটিশ বোর্ড।


(সিদ্ধার্থ ভৌমিক)

উপজেলা নির্বাহী অফিসার
চুনাবুঘাট, হবিগঞ্জ।